গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়,
ঢাকা বিভাগ, ঢাকা।
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১৬.০১৯.০২৪.১৬-১৫৪ তারিখ ঃ ২৩/০৪/২০১৭

"নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০/০৩/২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৬.১৬.৬৯ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর নিম্নে উল্লিখিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে পূরণের নিমিত্ত ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

শূন্য পদের বিবরণ

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	অফিস সহায়ক	৮,২৫০-২০,০১০/-	০৯ (নয়)	৮ম শ্রেণী উত্তীর্ণ	(ক) শুধু মাত্র ঢাকা বিভাগের আওতাধীন ১৩টি জেলার মধ্যে ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, টাংগাইল ও ফরিদপুর জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) এতিম ও প্রতিবন্ধী কোটায় ০১টি পদের জন্য ঢাকা বিভাগের ১৩টি জেলার এতিম ও প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন।

"শর্তাবলী"

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম এ কার্যালয়ের নেজারত শাখায় এবং www.mopa.gov.bd ও www.dhakadiv.gov.bd পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পুরণ করতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩। চাকুরীরত প্রার্থীগণকে তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

৪। আগামী ২৫/০৫/২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর বরাবর আবেদনপত্র ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা ত্রুটিযুক্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

৫। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। এ ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপির ১(এক) কপি করে মোট ০২(দুই) কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৬। আবেদনের সহিত আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা পৌর করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট হতে জাতীয়তা সম্পর্কিত সনদপত্র (সত্যায়িত) এবং ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্রসহ অন্যান্য সকল সনদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/অধিদপ্তর কর্তৃক প্রদেয় সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর উল্লিখিত সীল থাকতে হবে।

৭। ২৫/০৫/২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, এতিম ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধাদের পৌত্র ও পৌত্রিদের ক্ষেত্রে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৮। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তার পিতা-মাতার মুক্তিযোদ্ধা বিষয়ে প্রমাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে দাখিল করতে হবে এবং উক্ত সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে/দাখিল করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

৯। উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং পুত্র কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র কন্যা, মহিলা, উপজাতী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি সদস্য প্রভৃতি কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসৃত হবে। কোন নির্ধারিত কোটার বিপরীতে দরখাস্ত করলে তা দরখাস্তে উল্লেখ করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্র মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। অন্যথায় কোটার বিপরীতে আবেদন বিবেচনা করা হবে না।

১০। আবেদনের সংগে পরীক্ষার ফিস বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য মূল্যমানের ট্রেজারী চালান/বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক ট্রেজারী কোড নং- ১-০৭৪১-০০০০-২০৩১ এ জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকার অনুকূলে প্রেরণ করতে হবে।

১১। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১২। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সহ ১০"x৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।

১৫। বৈধ প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৬। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারী বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭। এছাড়া, নিয়োগ সংক্রান্ত সরকারী অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

স্বাক্ষরিত/-
(হেলালুদ্দীন আহমদ)
বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ, ঢাকা।
ফোন ঃ ৮৩১৫০৮৫

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১৬.০১৯.০২৪.১৬-১৫৪/১(২৬৮) তারিখ ঃ ২৩/০৪/২০১৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, -- (সকল), ঢাকা বিভাগ।
৪. পুলিশ সুপার, -- (সকল), ঢাকা বিভাগ।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা -- (সকল), ঢাকা বিভাগ।
৬. উপজেলা নির্বাহী অফিসার ------------------------------ (সকল), ঢাকা বিভাগ।
৭. সহকারী কমিশনার (ভূমি), ------------------------------ (সকল), ঢাকা বিভাগ।
৮. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক।
৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমার সংবাদ।

তাঁকে উল্লেখিত বিজ্ঞাপনটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত অগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০. ওয়েব সাইট/নোটিশ বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।

২৩/০৪/১৭
(প্রত্যয় হাসান)
সহকারী কমিশনার (হিসাব ও নেজারত)
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ঢাকা বিভাগ, ঢাকা।